



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম



ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd.

বিজ্ঞপ্তি

তারিখ : ২২/০২/২০২৩।

এ কলেজের উচ্চ মাধ্যমিক শ্রেণির সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, আগামী ৩-১২ জুলাই ২০২৩ তারিখে দুবাই-এ আন্তর্জাতিক জীববিজ্ঞান অলিম্পিয়াড চ্যালেঞ্জ ২০২৩ অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে প্রতিযোগী বাছাই করার জন্য দেশের বারোটি ভেন্যুতে আগামী ১৮ মার্চ ২০২৩ তারিখ রোজ শনিবার বিডিবিও-সমকাল বাংলাদেশ জীববিজ্ঞান উৎসব ২০২৩ আয়োজন করতে যাচ্ছে। এরই অংশ হিসেবে বাংলাদেশ জীববিজ্ঞান অলিম্পিয়াড চট্টগ্রাম আঞ্চলিক কমিটির উদ্যোগে কলেজিয়েট স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম-এ আঞ্চলিক পর্ব অনুষ্ঠিত হবে। আগ্রহী শিক্ষার্থীদেরকে নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন লিংকে প্রবেশ করে নির্ধারিত ফি পরিশোধ পূর্বক রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

পরীক্ষা : চট্টগ্রাম কলেজিয়েট স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম।
তারিখ : ১৮ মার্চ, ২০২৩ রোজ শনিবার
রেজিস্ট্রেশন ফি : ২০০ (দুইশত) টাকা।
রেজিস্ট্রেশন লিংক : registration.bdbo.net

(প্রফেসর ড. সুদীপা দত্ত)

অধ্যক্ষ

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।



৩/৫
৩৫
২৫/৫/২০২৩

তারিখ: ২২/০২/২৩.....

বরাবর

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

প্রফেসর ড. সুদীপা দত্ত

সরকারী সিটি কলেজ, চট্টগ্রাম।

বিষয়: বিডিবিও-সমকাল বাংলাদেশ জীববিজ্ঞান উৎসব ২০২৩ এ শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ জীববিজ্ঞান অলিম্পিয়াড চট্টগ্রাম আঞ্চলিক কমিটির পক্ষ হতে আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করুন। আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত বছর ইয়েরেভানে অনুষ্ঠিত আন্তর্জাতিক জীববিজ্ঞান অলিম্পিয়াড চ্যালেঞ্জ ২০২২ এ বাংলাদেশ থেকে ছয়জনের একটি প্রতিনিধি দল (চার জন শিক্ষার্থী ও দুই জন শিক্ষক) অংশগ্রহণ করেছিল। এ আন্তর্জাতিক প্রতিযোগিতায় বাংলাদেশের চারজন প্রতিযোগীদের সকলের অভাবনীয় অর্জন (চারটি ব্রোঞ্জ পদক)। আশা করা যায়, বাংলাদেশের সাফল্যের ধারাবাহিকতা বজায় থাকবে ভবিষ্যতেও। এতে অংশগ্রহণের ধারাবাহিকতা বজায় রাখতে বাংলাদেশ জীববিজ্ঞান অলিম্পিয়াডের দল আগামী ০৩-১২ জুলাই ২০২৩ তারিখে দুবাই-এ অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক জীববিজ্ঞান অলিম্পিয়াড চ্যালেঞ্জ ২০২৩ এ অংশগ্রহণ করবে। এ উপলক্ষে সারাদেশ হতে তিনটি ক্যাটেগরিতে [জুনিয়র ৬ষ্ঠ-৮ম, সেকেন্ডারি ৯ম-১০ম ও হায়ার সেকেন্ডারি ১১ম-১২ম; জুলাই ২০২২ এর ক্লাস অনুসারে] প্রতিযোগী বাছাই করার জন্য বারোটি ভেন্যুতে বাংলাদেশ জীববিজ্ঞান অলিম্পিয়াড ও সমকালে আয়োজনে আঞ্চলিক জীববিজ্ঞান উৎসব অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগামী ১৮ মার্চ ২০২৩ তারিখ রোজ শনিবার আমরা বিডিবিও-সমকাল বাংলাদেশ জীববিজ্ঞান উৎসব ২০২৩ এর আঞ্চলিক পর্ব আয়োজন করতে যাচ্ছি।

অতএব মহোদয়, সফলভাবে বিডিবিও-সমকাল বাংলাদেশ জীববিজ্ঞান চট্টগ্রাম আঞ্চলিক উৎসব ২০২৩ অনুষ্ঠানকল্পে আপনার শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রেরণ করে আঞ্চলিক উৎসবটিকে সাফল্যমণ্ডিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

পরীক্ষা: চট্টগ্রাম কলেজিয়েট স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম।

তারিখ: ১৮ মার্চ, ২০২৩ রোজ শনিবার

রেজিস্ট্রেশন ফি: ২০০ টাকা

রেজিস্ট্রেশন লিংক: registration.bdbo.net

শুভেচ্ছান্তে

সভাপতি, বাংলাদেশ জীববিজ্ঞান অলিম্পিয়াড চট্টগ্রাম আঞ্চলিক কমিটি

[বি. দ্র. : আঞ্চলিকের যেকোনো যোগাযোগের জন্য ০১৩২১১৪৬০৮৩]